



ক্রোয়েশিয়াকে ২-১ গোলে হারিয়ে শেষ ষোলোতে পর্তুগাল



ছবি: সংগৃহীত

রুদ্রশ্বাস লড়াইয়ে ক্রোয়েশিয়াকে ২-১ গোলে হারিয়ে ২০২৬ ফিফা বিশ্বকাপের শেষ ষোলো নিশ্চিত করেছে পর্তুগাল। নাটকীয় এই হারের মধ্য দিয়ে বিশ্বকাপের মঞ্চকে বিদায় জানালেন ক্রোয়েশিয়ার কিংবদন্তি মিডফিল্ডার লুকা মদরিচ।

ম্যাচের নির্ধারিত ৯০ মিনিট শেষে দুই দল ১-১ গোলে সমতায় ছিল। শেষ মুহূর্ত পর্যন্ত জমে থাকা উত্তেজনার মধ্যে অতিরিক্ত সময়ে ম্যাচের ভাগ্য নির্ধারিত হয়।

৯৪তম মিনিটে রাফায়েল লিয়াওয়ারে নিখুঁত ক্রস থেকে দারুণ এক হেডে গোল করে পর্তুগালকে এগিয়ে দেন গনসালো রামোস। গোলের পর ম্যাচটি পর্তুগালের দিকেই ঝুঁকে পড়ে।

তবে শেষদিকে পাল্টা আক্রমণে বল জালে জড়ায় ক্রোয়েশিয়া। মুহূর্তেই সমতায় ফেরার উল্লাসে মেতে ওঠেন তাদের সমর্থকেরা। কিন্তু ডিডিও অ্যাসিস্ট্যান্ট রেফারি (ভিএআর) পর্যালোচনায় গোলটি অফসাইডের কারণে বাতিল ঘোষণা করা হয়।

গোল বাতিলের সিদ্ধান্তে ক্রোয়েশিয়ার স্বপ্ন ভেঙে যায়, আর শেষ বাঁশি বাজতেই জয় নিশ্চিত করে পর্তুগাল। অন্যদিকে, বিশ্বকাপের আরেকটি স্মরণীয় অধ্যায়ের ইতি টানেন লুকা মদরিচ।

আগামী রাউন্ডে কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে স্পেনের মুখোমুখি হবে পর্তুগাল। দুই ইউরোপিয়ান পরাশক্তির এই ম্যাচ ঘিরে ইতোমধ্যেই ফুটবলপ্রেমীদের মধ্যে বাড়তি আগ্রহ তৈরি হয়েছে।